আজকের কাগজ

তারিখ 03 NOV 1992
পৃষ্ঠা ৬ কলাম ৪

## পাঠ্য পুস্তকে চার জাতীয় নেতার জীবনী অন্তর্ভুক্তির দাবি

বঙ্গবন্ধু প্রচার কেন্দ্র ৩ নভেম্বর '৭৫-এ ঢাকা কেন্দ্রীয় কারাগারে নিহত চার জাতীয় নেতা তাজউদ্দিন আহমদ, সৈয়দ নজরুল ইসলাম, ক্যাপ্টেন মনসুর আলী ও এইচএম কামরুজ্জামানের জীবনী পাঠ্য পুস্তকে অন্তর্ভুক্তির দাবি করেছে। গতকাল এক বিবৃতিতে প্রচার কেন্দ্রের আহবায়ক জাফর ইকবাল ও সদস্য সচিব আনিস আহমেদ বলেন, নবপ্রজন্মের কাছে স্বাধীনতা সংগ্রামের ইতিহাস তুলে ধরতে হবে। খবর বিজ্ঞপ্তি।